## একনজরে / সংক্ষিপ্ত পরিচিতিঃ

অপার সম্ভাবনার দেশ বাংলাদেশ। তৎকালীন সদ্য স্বাধীন বাংলাদেশ এর চারটি বিভাগের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কার্যক্রম রাজধানী ঢাকা থেকে পরিচালিত হতো। এর প্রধান নির্বাহী ছিলেন পরিচালক বা জনশিক্ষা পরিচালক। প্রধান নির্বাহীর অধীনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বাইরে আঞ্চলিক উপ-পরিচালক, বিদ্যালয় পরিদর্শক, জেলা বিদ্যালয় পরিদর্শক, মহকুমা বিদ্যালয় পরিদর্শক পদগুলো নিয়ন্ত্রিত ছিল। পরবর্তীত সময়ের প্রয়োজনে শিক্ষাকে গণমূখী করার লক্ষ্যে ১৯৮৪ সালে সরকারি সিদ্ধান্ত মোতাবেক ৬৪টি জেলায়, জেলা শিক্ষা অফিস প্রতিষ্ঠিত হয় এবং জেলা শিক্ষা পরিদর্শক ও মহকুমা শিক্ষা কর্মকর্তা পদ দুটির সমন্বয়ে একটি পদ সৃষ্টি করা হয়, যা জেলা শিক্ষা অফিসার এর রূপ লাভ করে। শিক্ষা ব্যবস্থাকে আরও গতিশীল করার প্রয়োজনে ১৯৮৭সালে ৮টি অঞ্চলে/জোনে বিভক্ত করা হলে বৃহত্তর ময়মনসিংহে আঞ্চলিক কার্যালয় প্রতিষ্ঠিত হয় এবং আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। এর প্রধান পদটি ছিল উপ-পরিচালক, প্রথম উপ-পরিচালক ছিল জনাব এ.এস.এম মুজাম্মিল হক।

তারপর ২০১৬ সালে সেসিপ কর্তৃক আঞ্চলিক –পরিচালকের পদ সৃষ্টি হয় এবং যথারীতি উক্ত কার্যালয়ের কার্যক্রম চালু হয়। ময়মনসিংহের আঞ্চলিক কার্যালয়ের প্রথম আঞ্চলিক -পরিচালক ছিলেন প্রফেসর মো: আ: মোতালেব। প্রথমে সেসিপ কর্তৃক পরিচালিত হলেও ২০২৪ সালে পরিচালক পদটি রাজস্বখাতে স্থানান্তরিত হয়। ময়মনসিংহের আঞ্চলিক কার্যালয়ের বর্তমান -পরিচালক প্রফেসর এ.কে.এম. আলিফ উল্লাহ আহসান। পরিচালকের কার্যালয়টি ঘনসবুজ বৃক্ষরাজি পরিবেষ্টিত সরকারি টিচার্স ট্রেনিং কলেজ (প্রাক্তন জমিদার বাড়ী) যেতে প্রশস্ত গেইটের ডানপাশে তিনতলা ভবনটির তৃতীয় তলায় অবস্থিত। পরিচালকের কার্যালয়, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ এর আওতাধীন ০৬টি জেলা, ময়মনসিংহ, নেত্রকোণা, জামালপুর, শেরপুর, কিশোরগঞ্জ ও টাঙ্গাইল নিয়ে কাজ করছে। এই ৬টি জেলার মাধ্যমিক স্কুল, কলেজ দেখভাল ও মনিটরিং করে থাকে।

নিম্নের ছকে ময়মনসিংহ অঞ্চলের জেলা ভিত্তিক নিয়ন্ত্রিত প্রতিষ্ঠান সমূহের তালিকা দেয়া হলো:

| জেলা | সরকারি | সদ্য সরকারি | এমপিওভুক্ত | এমপিওবিহীন | স্কুল এন্ড কলেজ | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ময়মনসিংহ | ০৮ | ০৯ | ৪৭ | ৩৫ | ৩৫ | ১৩৪ | ক্যাডেট কলেজ ০১ টি |
| জামালপুর | ০৫ | ০৫ | ২২ | ১৭ | ২১ | ৭০ | |
| শেরপুর | ০৩ | ০৩ | ১১ | ১০ | ০১ | ২৮ | |
| নেত্রকোণা | ০৫ | ০৬ | ১২ | ১৪ | ০৫ | ৪২ | |
| কিশোরগঞ্জ | ০৪ | ১২ | ১৬ | ১৫ | ১৪ | ৬১ | |
| টাঙ্গাইল | ০৬ | ১০ | ৪৭ | ১৪ | ১৪ | ৯১ | |
| মোট | ৩১ | ৪৫ | ১৫৫ | ১০৫ | ৯০ | ৪২৬ | |